

কামিল পরীক্ষার ফরম পূরণ শুরু ১৮ ফেব্রুয়ারি

নিজস্ব প্রতিবেদক

১১ ফেব্রুয়ারি, ২০২৫
১৯:৩৬

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ২০২৩ শিক্ষাবর্ষে কামিল মাস্টার্স ১ম ও দ্বিতীয় পর্ব পরীক্ষার ফরমফিলাপ শুরু হবে ১৮ ফেব্রুয়ারি। মঙ্গলবার (১১ ফেব্রুয়ারি) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত মাদরাসায় কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষা -২০২৩ এর নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট, মান উন্নয়ন এবং রিটেইক পরীক্ষার্থীদের ফরম পূরণ আগামী ১৮ ফেব্রুয়ারি থেকে শুরু হবে।

পরীক্ষার্থীর যোগ্যতা ও রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশনাবলী এবং ফরম পূরণের পদ্ধতিসহ এ সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট www.iau.edu.bd ও হেল্প ডেস্ক ০১৭০৯৩৮৯০০৭ এবং iau.exam@gmail.com এ যোগাযোগ করা যাবে।